

## অফিস স্মারক

বিষয় : ১৭ মার্চ 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস', ২৫ মার্চ 'গণহত্যা দিবস' এবং ২৬ মার্চ 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' উদযাপন উপলক্ষে সংস্থা কর্তৃক গৃহীত বিশেষ কর্মসূচী বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: ১. MRA-এর স্মারক নং-৫৩.০৪.০০০০.০০২.৯৯.০০১.২২-৬৯৪

তারিখ: ১৪ মার্চ ২০২৩

২. স্মারক নং-৫৩.০৪.০০০০.০০২.৯৯.০০১.২২-৬৯৫

তারিখ: ১৪ মার্চ ২০২৩

বর্ণিত বিষয় ও সূত্রের নির্দেশনা মোতাবেক সংস্থায় কর্মরত সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ১৭ মার্চ 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস', ২৫ মার্চ 'গণহত্যা দিবস' এবং ২৬ মার্চ 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' উদযাপন উপলক্ষে সংস্থা কর্তৃক বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচী বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য বলা হলো।

০১. প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ে কর্মরত সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের **সংযুক্তি-০১ ও ০২** এর আলোকে ১৭ মার্চ 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস', ২৫ মার্চ 'গণহত্যা দিবস' এবং ২৬ মার্চ 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' উদযাপন বিষয়ক পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে।
০২. সংস্থা কর্তৃক প্রকাশিতব্য এপ্রিল ২০২৩ এর ই-নিউজ সংখ্যাটি বঙ্গবন্ধুকে উৎসর্গ করে বিভিন্ন প্রকাশনা ছাপানোর লক্ষ্যে বঙ্গবন্ধুর জীবনী, দর্শন, শিশু অধিকার ইত্যাদি বিষয়ের উপর সংস্থায় কর্মরত কর্মী/কর্মকর্তাদের রচিত ছোট গল্প, কবিতা, ছড়া, প্রবন্ধ আগামী ৩১ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ এর মধ্যে **Email-zahid@padakhep.org** এই ঠিকানায় প্রেরণের জন্য বলা হলো। এতদসংক্রান্ত বিষয়ে কিছু জানার থাকলে **জনাব শেখ জাহিদ, সহকারী পরিচালক, গবেষণা, যোগাযোগ ও প্রকাশনা বিভাগ, মোবাইল: ০১৭১৩২৪৯৬৯৩**-এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো।
০৩. সংস্থার প্রধান কার্যালয় ও সকল ব্যবস্থাপনা ইউনিট কর্তৃক দিবসগুলো উদযাপন পরবর্তী তথ্য, ছবি, পেপার ক্লিপিং ইত্যাদি ডকুমেন্টস ৩১ মার্চ ২০২৩ তারিখের মধ্যে **ই-মেইল: "rifatbari@padakhep.org"** ঠিকানায় প্রেরণ করার জন্য বলা হলো। উল্লেখ্য, উপর্যুক্ত বিষয়ে কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে **জনাব শেখ সাকিব আহসান, সহকারী পরিচালক (ব্রাড এ্যাড কমিউনিকেশন), আরসিএ্যাডপিডি, মোবাইল নং: ০১৯৪৬-৩৬৯৫০০** এর সাথে যোগাযোগ করতে বলা হলো।

বর্ণিত কর্মসূচিগুলো যথাযথ বাস্তবায়নের জন্য স্ব-স্ব কর্তৃপক্ষের নিকট থেকে প্রয়োজনীয় বাজেট বরাদ্দের অনুমোদন (লিখিত/মৌখিক) গ্রহণ করতে বলা হলো। নির্দেশনা মোতাবেক গৃহীত পরিকল্পনা (সংযুক্তি-০১ ও ০২) যথাযথ উৎসাহ উদ্দীপনার সাথে পালন করার জন্য সকলকে বলা হলো।

অত্র অফিস আদেশ অনুযায়ী প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে নির্দেশ দেয়া যাচ্ছে।



(মো: সালেহ বিন সামস)

নির্বাহী পরিচালক

সংযুক্তি : পত্রের বর্ণনা মোতাবেক

অনুলিপি: (ই-মেইলের মাধ্যমে প্রেরিত)

১. পরিচালক, মাইক্রোফাইন্যান্স উইং এবং পরিচালক, প্রোগ্রাম ও এন্টারপ্রাইজ উইং, প্রধান কার্যালয়।
২. সকল প্রোগ্রাম/বিভাগ/প্রকল্প/ইউনিট/সেল/ব্যবস্থাপনা ইউনিট প্রধান, প্রধান কার্যালয়।
৩. সহকারী পরিচালক ও সার্বিক তত্ত্বাবধায়ক, আইসিটি বিভাগ, প্রধান কার্যালয় (অফিস আদেশটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৪. সকল সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার/সিনিয়র ব্যবস্থাপক ও এরিয়া ম্যানেজার/সিনিয়র ব্যবস্থাপক ও এরিয়া কো-অর্ডিনেটর/ব্রাঞ্চ ম্যানেজার ও অন্যান্য সকল অফিস প্রধান, পদক্ষেপ।
৫. সংস্থার সকল পর্যায়ে কর্মরত কর্মীবৃন্দ।

৬. অফিস কপি।

৭. পদক্ষেপ

Padakhep Manabik Unnayan Kendra



+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯৯২২  
+৪৪০ ২ ৫৪১৫১১২৬, ০১৭৭৭৭৯৯২২

info@padakhep.org  
www.padakhep.org

বাড়ি নং: ৫৪৮, রোড নং: ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭  
House # 548, Road # 10, Baitul Aman Housing Society, Adabar, Dhaka-1207

সম্মতভাবে ক্ষমতায়নে সাক্ষ্য গড়া টেকসই ভবিষ্যতের লক্ষ্যে ১৯৮৬ থেকে | Empowering potentials for equitable and sustainable future since 1986